----

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

নম্বর: ৪৪.০৩.০০০০.০০০.০১১.৩৩.০০১২.২৬ ৩৭৪

তারিখ: ৩/১১/১৪৩২ বঙ্গাঃ
১৬/০২/২০২৬ খ্রি.

**বিষয়: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদ্‌যাপন প্রসঙ্গে।**

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, অনুষ্ঠান শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৪৩.০০.০০০০. ১২৪.২৩.২২১. ২৪.৯৫ তারিখ: ২৬/০১/২০২৬ খ্রি:।

প্রতি বছরের ন্যায় এ বছরও বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে **২১ ফেব্রুয়ারি-২০২৬ খ্রিষ্টাব্দ**, শনিবার যথাযোগ্য মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে সকল রেঞ্জ কমান্ডার, অধিনায়ক, আনসার ব্যাটালিয়ন, জেলা কমান্ড্যান্ট, জোন অধিনায়ক ও অধিনায়ক ভিটিসি নিজ নিজ ইউনিটে উপস্থিত থেকে অনুষ্ঠানসমূহ যথাযথভাবে উদ্‌যাপন নিশ্চিত করবেন।

২। **শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি নিম্নরূপ:**

ক। **সাধারণ ছুটি**। দিবসটি উদ্‌যাপনের নিমিত্ত ২১ ফেব্রুয়ারি,শনিবার (সাপ্তাহিক ছুটির দিন) সাধারণ ছুটি হিসেবে পালিত হবে। ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা-কর্মচারীকে বাধ্যতামূলক রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

খ। **জাতীয় পতাকা অর্ধনমিত**। ঐদিন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়সমূহে "দি ফ্ল্যাগ রুলস্" (People's Republic of Bangladesh Flag Rules, 1972) অনুযায়ী সঠিক নিয়মে এবং সঠিক মাপ ও রং এর জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।

গ। **পুষ্পস্তবক অর্পণ**।

গ.১। **বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর।** একুশের প্রথম প্রহরে (রাত ১২ টা ০১ মিনিটে) মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মহোদয়ের নেতৃত্বে নির্বাচিত কর্মকর্তাগণ কর্তৃক কেন্দ্রীয় শহিদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করা হবে।

গ.২। **বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি।** ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার-ভিডিপি স্কুল এন্ড কলেজে নির্মিত শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করবে।

গ.৩। **মাঠ পর্যায়ে রেঞ্জ, জেলা এবং উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়।** স্থানীয় প্রশাসনের সাথে যথাযথ সমন্বয়পূর্বক শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করবে।

গ.৪। **আনসার ব্যাটালিয়ন, জোন ও ভিটিসি কার্যালয়।** নিজস্ব ব্যবস্থাপনায় শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করবে।

গ.৫। **পোশাক।** (ক) প্রাধিকৃত কর্মকর্তাগণের ক্ষেত্রে আনুষ্ঠানিক পোশাক (মেডেলসহ);
(খ) অন্যান্যদের ক্ষেত্রে দিনের পোশাক।

ঘ। **বিশেষ মোনাজাত/দোয়া**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সকল মসজিদে ঐদিন বাদ যোহর ভাষা শহিদগণের বিদেহী রুহের মাগফেরাত, জাতির সুখ, শান্তি, সমৃদ্ধি ও বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উত্তরোত্তর অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত/দোয়ার ব্যবস্থা করতে হবে। মোনাজাত/দোয়ার সময় ভাষা শহিদগণের সঠিক নাম ব্যবহার করতে হবে।

ঘ.১। **পোশাক।** নামাজের পোশাক।

ঙ। **ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ।** ২১ ফেব্রুয়ারি-২০২৬ উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

১৬-০২-২০২৬

মো: আবু বকর সিদ্দিক' বিভিএমএস
উপপরিচালক (রুটিন দায়িত্ব )
ফোন : ০১৭৩০০৩৮০১২
ইমেইল : ddadmin@ansarvdp.gov.bd

নম্বর: ৪৪.০৩.০০০০.০০০.০১১.৩৩.০০৯২.২৬.-৩৭৪

তারিখ: ৩/১১/১৪৩২ বঙ্গাব্দ
১৬/০২/২০২৬ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
২। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৩। উপমহাপরিচালক/পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,......................................................।
৪। ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত), বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
৫। পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা।
৬। পরিচালক, পরিচালক, ঢাকা মহানগর আনসার (ডিএএম)।
৭। তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর।
৮। পরিচালক (................................), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৯। অধিনায়ক (সকল)................................আনসার ব্যাটালিয়ন (.................)........................।
১০। অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা,ঢাকা।
১১। অধিনায়ক, আনসার ফোর্স হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১২। আইন কর্মকর্তা (অতিরিক্ত জেলা দায়রা জজ)/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১৩। অধ্যক্ষ, ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার-ভিডিপি স্কুল এন্ড কলেজ সফিপুর, গাজীপুর।
১৪। উপপরিচালক (.............................), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/ বাংলাদেশ আনসার ও ভিডিপি একডেমি, সফিপুর, গাজীপুর।
১৫। উপপরিচালক (সমন্বয়) (রুটিন দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
১৬। জেলা কমান্ড্যান্ট (সকল), জেলা কমান্ড্যান্টের কার্যালয়............................................।
১৭। জোন অধিনায়ক (সকল), ঢাকা ও চট্টগ্রাম মহানগর আনসার.......................................।
১৮। অধিনায়ক, ভিটিসি, গাজীপুর ও কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা।
১৯। সহকারী পরিচালক (........................), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/ বাংলাদেশ আনসার ও ভিডিপি একডেমি, সফিপুর, গাজীপুর।
২০। বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।।
২১। আইসিটি শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা(ওয়েবসাইটে প্রচারের জন্য)।
২২। কন্ট্রোল রুম, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা(সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য) এবং
২৩। অফিস ও মাস্টার কপি, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১৬-০২-২০২৬

মো: আবু বকর সিদ্দিক' বিভিএমএস
উপপরিচালক (রুটিন দায়িত্ব )